

সম্মানিত পতনউষার ইউনিয়নবাসী লক্ষ্য করুন,

ভোটার তালিকা হালনাগাদের কাজ শুরু করবে আগামী ২৩ এপ্রিল থেকে। বাড়ি বাড়ি গিয়ে ভোটারের তথ্য সংগ্রহের কাজ চলবে ১৩ মে পর্যন্ত।

এবার ২০০১, ২০০২, ২০০৩ ও ২০০৪ সালের পহেলা জানুয়ারি তারিখ পর্যন্ত জন্ম এমন নাগরিকদের তথ্য সংগ্রহ করা হবে। এর মধ্যে ২০০১ ও ২০০২ সালের মধ্যে যাদের জন্ম, তাদের নাম ২০২০ সালে প্রকাশিত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হবে। বাকিদের শুধুমাত্র তথ্য সংগ্রহ করে রাখা হবে। পরবর্তীতে বয়স ১৮ বছর পূর্ণ হলে, তাদের নাম ভোটার তালিকায় যুক্ত করা হবে। তথ্য সরবরাহের সময় আপনার শিক্ষাগত সনদের প্রাধান্য দিন সাথে বাবা মায়ের আইডি কার্ডের সঙ্গে ঠিকানা মিলিয়ে নিন।

ইতিপূর্বে ভোটার হওয়ার জন্য যারা ফরম পূরণ করেছেন, ছবি তুলেছেন কিন্তু জাতীয় পরিচয়পত্র পাননি। তাদের আর নতুন করে ভোটার হওয়ার প্রয়োজন নেই। তথ্য সংগ্রহকারীগণ বাড়ি বাড়ি গিয়ে নতুন ও বাদপড়া ভোটারদের তথ্য সংগ্রহ করবেন। এ সময় তথ্য সংগ্রহকারীকে মৃত ভোটারদের তথ্য দিতে হবে।

যাদের জন্ম ১ জানুয়ারি ২০০১ বা তার আগে অথচ বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে বাদ পড়েছেন তাদের ভোটার হিসেবে নিবন্ধন করা হচ্ছে।

নতুন ভোটার ও বাদপড়া ভোটারদের তথ্য সংগ্রহ করার সময় ভোটার তালিকা হতে নাম কর্তনের জন্য মৃত ভোটারদের তথ্য সংগ্রহ করা হবে।

তথ্য সংগ্রহকারীকে সঠিক তথ্যদিন ভবিষ্যতের সমস্ত ঝামেলা মুক্ত থাকুন।

